

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

FIRST YEAR [2018-21]

B.A./B.Sc. FIRST SEMESTER (July – December) 2018

Mid-Semester Examination, September 2018

Date : 26/09/2018

BENGALI (General)

Time : 12 noon- 1 pm

Paper : I

Full Marks : 25

১। সারাংশ রচনা করো (একটি)

[১×১০]

নিত্যদিনের মতো নিদাঘ তাঁর করণীয় সকল কাজ সেয়ে অপেক্ষা করছেন। পত্নী রান্না সমাপ্ত করে বিষুণকে ভোগ নিবেদন করছেন। তারপর অতিথিগণকে সেবা করিয়ে তবে নিজেরা আহার করবেন। আজ কিন্তু কোনও অতিথি এল না। অপেক্ষা করছেন, দুপুর গড়িয়ে যায় যায় এমন সময় এক বৃদ্ধ ব্রাহ্মণ সেই পথ দিয়ে চলছেন। নিদাঘ দেখতে পেয়ে আনন্দভরে ডাকতে লাগলেন — আসুন, আসুন আজ আপনি আমাদের বাড়িতে আতিথ্য গ্রহণ করুন। নিদাঘের সাদর অভ্যর্থনা শুনে অতিথি ব্রাহ্মণ বললেন — মধ্যাহ্নকাল অতীত প্রায়, এখনও আপনারা অভুক্ত ? কাজেই আমাকে আপনাদের আতিথ্য গ্রহণ করতেই হবে।

অথবা

যখনই কোন নূতন আন্দোলনের সূত্রপাত হয়, তখনই দেখা যায়, সমাজ এবং সমগ্র মানবজাতি উহার মূল তত্ত্বগুলি মানিয়া লইবার পূর্বে প্রথমে লোকে উহার বিরুদ্ধে দাঁড়ায়। শেষে তৎসম্বন্ধে উদাসীনতা অবলম্বন করে। কোন নূতন আন্দোলনকে এই দুইটি অবস্থার ভিতর দিয়া যাইতেই হয় — ইহা যেন প্রকৃতির অব্যর্থ নিয়ম। আর যখন মানবপ্রকৃতি মাত্রই সমান, তখন কি প্রাচ্য, কি পাশ্চাত্যজগৎ সর্বত্রই এই নিয়মের প্রভাব দেখিতে পাওয়া যায়। সমাজনীতি, রাজনীতি বা ধর্ম — যে কোন ক্ষেত্রেই বল না কেন, যদি নূতন কোন সংস্কার করিতে চাও, নূতন কোন ভাবধারা আনয়ন করিতে চাও, তবে দেখিবে, তোমার চারিপাশের লোক তোমার বিরুদ্ধে লাগিবে।

২। বানান সংশোধন করো (পাঁচটি)

[১×৫]

পাসাণ, অসাধারন, হাশি, পরিষ্কুট, মড়ন, কিশোর, গ্রহন

৩। অক্ষয় কুমার দত্ত কে ছিলেন ? তাঁর রচিত গ্রন্থগুলি সম্পর্কে আলোচনা করো।

[১০]

অথবা

বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

[১০]

————— X —————